

নং-২৪.০২.০০০০.০০১.১১.০০১.১৭ (অংশ-১)-

তারিখ: ১১ কার্তিক, ১৪২৪ বঙ্গাব্দ  
২৬ অক্টোবর, ২০১৭ খ্রিস্টাব্দ


### নিয়োগ বিজ্ঞপ্তি

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ধীন বস্ত্র পরিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা ও এর আওতাধীন বিভিন্ন কার্যালয় এবং শিক্ষা প্রতিষ্ঠান সমূহ এর জন্য নিম্নলিখিত রাজস্ব খাতভুক্ত সরাসরি পূরণযোগ্য স্থায়ী শূণ্য পদের বিপরীতে বিধি মোতাবেক অস্থায়ীভাবে জনবল নিয়োগের লক্ষ্যে নিম্নলিখিত শর্তাধীনে আগ্রহী স্থায়ী বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রঃ নং	পদের নাম, বেতন স্কেল, ২০১৫ ও গ্রেড	পদের সংখ্যা ও প্রকৃতি	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে জেলার প্রকৃত স্থায়ী নাগরিকগণ আবেদন করতে পারবেন
০১	টেকনিক্যাল এ্যাসিস্ট্যান্ট ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬	৪(চার) টি (স্থায়ী)	কোন স্বীকৃত ইন্সটিটিউট হতে প্রথম বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (ভোকেশনাল) টেক্সটাইল কোর্স পাস।	ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, নারায়নগঞ্জ, নরসিংদী, মাদারীপুর, রাজবাড়ী, শরিয়তপুর, কিশোরগঞ্জ, নেত্রকোণা, চট্টগ্রাম, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, চাঁদপুর, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, রাজশাহী, জয়পুরহাট, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, বগুড়া, রংপুর, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ঝিনাইদহ, মাগুরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ।
০২	অফিস সহায়ক ৮২৫০-২০১০০/- গ্রেড-২০	৬(ছয়)টি (স্থায়ী)	অন্যান্য অষ্টম শ্রেণী বা সমমান পাশ এবং অবশ্যই শারিরিকভাবে যোগ্যতা থাকতে হবে।	ঢাকা, গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়নগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, ময়মনসিংহ, নেত্রকোণা, চট্টগ্রাম, বান্দরবান, কক্সবাজার, ব্রাহ্মণবাড়িয়া, কুমিল্লা, ফেনী, নোয়াখালী, রাজশাহী, জয়পুরহাট, চাঁপাইনবাবগঞ্জ, কুড়িগ্রাম, লালমনিরহাট, ঠাকুরগাঁও, ঝিনাইদহ, নড়াইল, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ঝালকাঠি, বরগুনা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ, হবিগঞ্জ।
০৩	নিরাপত্তা প্রহরী ৮২৫০-২০১০০/- গ্রেড-২০	৪(চার)টি (স্থায়ী)	কোন স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ অথবা অষ্টম শ্রেণী পাশসহ শারিরিকভাবে যোগ্য	

### আবেদনের পদ্ধতি ও শর্তাবলী

১. বস্ত্র পরিদপ্তর এর ওয়েবসাইটে ([www.dot.gov.bd](http://www.dot.gov.bd)) প্রবেশ করে Online আবেদন এ ক্লিক করে আগামী ২৭/১০/২০১৭ইং তারিখ সকাল ১০.০০টা থেকে ১০/১১/২০১৭ইং তারিখ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে আবেদন করতে হবে। আবেদনের সময় হতে ৭২ ঘন্টার মধ্যে পরীক্ষা ফি বিকাশের মাধ্যমে জমা প্রদান করতে হবে। নিম্নলিখিতভাবে পরীক্ষার ফি প্রদান করতে হবে-  
ধাপ-১ : ডায়াল \*২৪৭#  
ধাপ-২ : অপশন বেছে নিন: পেমেন্ট  
ধাপ-৩ : বিকাশ মার্চেন্ট একাউন্ট লিখন : ০১৭৯৫৫৫১৪৩২  
ধাপ-৪ : টাকার পরিমাণ, গ্রেড-১৬, ১১১.৫০টাকা এবং গ্রেড-২০, ৫৬.০০টাকা।  
ধাপ-৫ : রেফারেন্স উল্লেখ করুন : Application ID  
ধাপ-৬ : কাউন্টার নম্বর প্রবেশ করুন : ১  
ধাপ-৭ : লেনদেন নিশ্চিত করতে পিন প্রবেশ করুন : XXXX  
ধাপ-৮ : লেনদেন সম্পন্ন করতে ওয়েবসাইট থেকে Payment Status চেক করে নিন।
২. অনলাইনে আবেদন ফরম পূরণের জন্য jpeg format এ ছবি (দৈর্ঘ্য ৩০০xপ্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০০xপ্রস্থ ৭০) pixel করে নির্ধারিত স্থানে আপলোড করতে হবে।
৩. Submission সফলভাবে সম্পন্ন হলে প্রার্থী তার applicant Copy সংরক্ষণ করবেন।
৪. এতিম/মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান/মুক্তিযোদ্ধার সন্তানের সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য ও সাধারণ প্রার্থীদের সরকারী সার্কুলার মোতাবেক কোটা অনুসরণ করা হবে।
৫. এতিম ও শারিরিক প্রতিবন্ধীরা সকল জেলা থেকে আবেদন করতে পারবেন। শারিরিক প্রতিবন্ধীদের সর্বোচ্চ বয়সসীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
৬. ১০/১১/২০১৭ইং তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বৎসর এর মধ্যে হতে হবে। তবে শারিরিক প্রতিবন্ধী ও মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের নাতী/নাতনীদের ক্ষেত্রে বয়সসীমা ৩০ (ত্রিশ) বৎসর।
৭. সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত সংস্থায় চাকরির প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতি নিয়ে নির্দিষ্ট তারিখের মধ্যে আবেদন করতে হবে। অনুমতির কপি মৌখিক পরীক্ষার সময় উপস্থাপন করতে হবে।
৮. লিখিত ও মৌখিক পরীক্ষার সময় ও স্থান এসএমএস এর মাধ্যমে জানিয়ে দেয়া হবে এবং প্রবেশপত্র এসএমএস এ উল্লেখিত লিংক থেকে ডাউনলোড করে নিতে হবে। অনলাইন ছাড়া আলাদাভাবে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না।
৯. ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সময় সকল মূল সনদপত্র প্রদর্শন করতে হবে এবং সকল সনদের ফটোকপি করে এক সেট দাখিল করতে হবে।
১০. লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
১২. কর্তৃপক্ষ পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি কিংবা নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

  
(লায়লা ইয়াফির)  
উপ-পরিচালক (প্রশাসন)